

## খানাবাদ ডিগ্রি কলেজ অধিভুক্ত হলো জাতীয় বিশ্ববিদ্যালয়ে

প্রতিনিধি: কুম্বাকাটা

কুম্বাকাটা খানাবাদ কলেজ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়েছে। চলতি শিক্ষাবর্ষে ডিগ্রি (পার্স) কোর্সের পাঠ দানের অনুমতি পেয়েছে কলেজটি। এ খবরে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আনন্দের জোয়ার বইছে। সূত্র জানিয়েছে, বঙ্গোপসাগর পাড়ের শিক্ষার্থীদের এইচএসসি উত্তীর্ণের পর স্বাভাবিক পর্যায়ে পড়াভঙ্গার ব্যবস্থা না থাকায় প্রতিষ্ঠানটি জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদন করেন। এ প্রেক্ষিতে নভেম্বরে বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক কলেজটি পরিদর্শন করে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিটি সভায় সিদ্ধান্ত অনুযায়ী কুম্বাকাটা খানাবাদ কলেজকে বিএ ও বিএসএস শাখায় ভর্তির অনুমতি দেয়। এর ফলে চলতি শিক্ষাবর্ষ থেকেই এই দুটি শাখায় শিক্ষার্থী ভর্তিসহ পাঠদানের সুযোগ পেল। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়ে কুম্বাকাটা খানাবাদ কলেজটি ডিগ্রিতে উন্নীত হলো। কুম্বাকাটা খানাবাদ কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) সিএম সাইফুর রহমান খান বলেন, চলতি শিক্ষাবর্ষে শিক্ষার্থীরা কলেজে ভর্তি হয়ে পড়াভঙ্গা করতে পারবে। কলাপাড়া উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও কলেজ পরিচালনা কমিটির সভাপতি মোসা. বিলকিস জাহান বলেন, কলেজটি ডিগ্রিতে উন্নীত হওয়ায় কুম্বাকাটাসহ উপকূলের শিক্ষার্থীরা এখন ঘরে থেকে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ পাবে।